

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৬.১৭- ২৭২

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪২৬
১৯ মে ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৭৭৫/২০১৭ মামলায় গত ২৭.১৮ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের vacate করণসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার বিষয়ে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি এ বিভাগকে অবহিতকরণ।

সূত্রঃ (১) DTE এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০১৩.১৭ পলি:ইস্:১৫(স্টেপ)-১১২১
(২) TMED এর আইন শাখা-১ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৬.১৭-৬০

তারিখঃ ৩১.০১.২০১৯ খ্রি.।
তারিখঃ ০৬.১১.২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এস.এম শাহজাহান মামুন, ব্যবস্থাপনা পরিচালক, Integrated Computer & Communications Ltd. Dilkusha, Motijheel, Dhaka-1000 কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন স্কীলস্ এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ) এর প্রকল্প পরিচালক কর্তৃক জারিকৃত পত্রের স্মারক নং-এসটিইপি/প্রশা(১)/১৭.০৪(জি.১৪)ইমপ্লি-প্রাক্ট/২০১৬-৪৯৯৫, তারিখঃ ০৬.০৪.১৭ খ্রি. মূলে পিটিশনারের প্রতিষ্ঠান কর্তৃক Fraudulent Practice এর বিষয়টি প্রমাণিত হয়।

০২। পরবর্তীতে পিটিশনারের প্রতিষ্ঠানকে কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরধীন সকল প্রতিষ্ঠানসহ স্টেপ এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ত্রয় কার্যক্রমের ক্ষেত্রে প্রকল্পের মেয়াদ (৩০.০৬.১৯) পর্যন্ত Debar করার বিষয়টি HOPE কর্তৃক অনুমোদিত এবং উক্ত বিষয়টি সিপিটিইউ এর ওয়েব সাইট এবং Debar করার তালিকায় অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৩। উক্ত পত্রের বৈধতা চ্যালেঞ্জ করে জনাব এস.এম শাহজাহান মামুন, ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৭৭৫/২০১৭ দায়ের করা হয়।

০৪। মহামান্য আদালত কর্তৃক গত ০৯.০১.১৮ খ্রি. তারিখে অধ্যক্ষ, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট হতে গত ০২.০১.২০১৮ খ্রি. তারিখে মহাপরিচালক, সিপিটিইউ এবং ব্যবস্থাপনা পরিচালক, Integrated Computer & Communications Ltd. বরাবর ০২ (দুই) টি পত্রের কার্যকরিতায় ০৬ (ছয়) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে গত ২৭.১১.২০১৮ খ্রি. তারিখে মহামান্য আদালত কর্তৃক উক্ত স্থগিতাদেশের মেয়াদ পুনরায় ০১ (এক) বছর বৃদ্ধির আদেশ প্রদান করা হয়।

০৫। রিট পিটিশন নং-৯৭৭৫/২০১৭ মামলায় গত ২৭.১২.১৮ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণসহ উক্ত মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের জন্য DTE কর্তৃক ০২.১২.২০১৮ খ্রি. তারিখের ১০৯৫ সংখ্যক পত্রমূলে বিজ্ঞ সলিসিটরকে অনুরোধ করা হয়। পরবর্তীতে DTE কর্তৃক ০২.১২.২০১৮ খ্রি. তারিখের ১০৯৬ সংখ্যক পত্রমূলে অন্তর্বর্তীকালীন আদেশের স্যাটিফাইড কপি সমূহ পিটিশনারের প্রতিষ্ঠানের Fraudulent Practice এর বিষয়টি প্রমাণিত হওয়ায় সকল কাগজপত্রসহ আইনসেলে প্রেরণ এবং উক্ত মামলার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করার নিমিত্ত একজন কর্মকর্তা নির্দিষ্ট করে Specific দায়িত্ব অর্পনের জন্য অনুরোধ করে প্রকল্প পরিচালক, স্টেপ বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৬। প্রকল্প পরিচালক, স্টেপ এর কার্যালয় বর্ণিত রিট মামলা সংশ্লিষ্ট কাগজপত্রের ফটোকপি এবং পিটিশনারের প্রতিষ্ঠানের Fraudulent Practice এর সংশ্লিষ্ট কাগজপত্রসহ মতামত প্রেরণ করা হয়েছে যা অধিদপ্তরে গত ১০.১২.১৮ খ্রি. তারিখে পাওয়া যায়।

০৭। উল্লেখ্য, বর্ণিত রিট মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের জন্য প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণপূর্বক মামলার হালনাগাদ তথ্যাদি নিয়মিতভাবে টিএমইডি এবং অধিদপ্তরের আইনসেলে প্রেরণের জন্য অনুরোধ করে DTE কর্তৃক ৩০.১.২০১৮ খ্রি. তারিখের ৬৬৬ সংখ্যক পত্রমূলে প্রকল্প পরিচালক, স্টেপ বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৮। আরো উল্লেখ্য, DTE এর আইনজীবীকে উক্ত মামলায় গত ২৭.১১.১৮ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করে DTE কর্তৃক ০২.১২.২০১৮ খ্রি. তারিখের ১০৯৭ সংখ্যক পত্রমূলে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়। কিন্তু আইনজীবী কর্তৃক গৃহীত পদক্ষেপের তথ্যাদি পাওয়া যায়নি।

০৯। উল্লেখ্য, উক্ত রিট মামলায় গত ২৭.১১.১৮ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের নিমিত্ত DTE এর আইনজীবী কর্তৃক গৃহীত পদক্ষেপের তথ্যাদি জানা আবশ্যিক।

১০। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৭৭৫/২০১৭ মামলায় গত ২৭.১১.১৮ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের বিষয়ে তাঁর দপ্তরের বিজ্ঞ আইনজীবী কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি আগামী ২৭.০৫.১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনতি অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।